



A Peer Reviewed Bangla Journal

Centre for Gender studies

St. Xavier's College (Autonomous), Kolkata

E Mail: [cg.s.swar@sxccal.edu](mailto:cg.s.swar@sxccal.edu)

Phone: 7384343432 / 8017067174



‘স্বর’ (তৃতীয় বার্ষিক সংখ্যা)-র জন্য লেখা আহ্বান

এই সংখ্যার বিষয়: শরীর ও লিঙ্গরাজনীতি

লেখা পাঠানোর শেষ তারিখ: ৫ নভেম্বর, ২০২৪

সামাজিক লিঙ্গরূপ (Gender)-কে কেন্দ্র করে সামাজিক-সাংস্কৃতিক-অর্থনৈতিক-রাজনৈতিক পরিসরে যে অসম ক্ষমতার বিন্যাস লক্ষ করা যায় তা অনেকাংশেই শরীরনির্ভর। পূর্বনির্ধারিত দৃষ্টিভঙ্গিতে দেখা হয় শরীরকে এবং সামাজিক লিঙ্গরূপ তাকে নির্দিষ্ট কাঠামোয় গড়ে তোলে। রেনেসাঁসের সময় থেকেই মেয়েদের শরীর নিয়ে সামাজিক লিঙ্গভাবনা-আরোপিত একপেশে দৃষ্টিভঙ্গি আমরা খেয়াল করতে পারি বিভিন্ন তাত্ত্বিক লেখাপত্রেও। ষোড়শ শতকে পশ্চিমি ফিজিওলজিস্টরা বললেন, মেয়েদের মধ্যে মানসিক স্থিরতা নেই, একধরনের ‘পাগলামি’ রয়েছে। ‘ইউটেরাস’ ও ‘হিস্টিরিয়া’-এর মধ্যে ব্যুৎপত্তিগত যোগাযোগের দিকটিও উঠে এল তাঁদের লেখায়। শারীরবৃত্তীয় দিকগুলিকে এমনভাবে ব্যাখ্যা করা হল, যার মধ্য দিয়ে সামাজিক লিঙ্গরূপের চিহ্নগুলি স্পষ্ট হয়ে ওঠে। শরীরকে কেন্দ্র করে এমন সামাজিক লিঙ্গভাবনা লিঙ্গরাজনীতির পরিসরে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। ‘জেন্ডার পারফরমেন্সিভিটি’-ও সামাজিক ও সাংস্কৃতিক অভ্যাস থেকেই প্রাপ্ত। ‘মেইল গেইজ’ এখানে সামাজিক লিঙ্গরূপের অন্যতম চিহ্ন। যে-কোনো দৃশ্যমাধ্যমে শরীরকে দেখার ও উপস্থাপন করার ধরনও অনেক ক্ষেত্রেই সামাজিক লিঙ্গভাবনা আরোপিত। আমাদের রোজকার কথাবার্তায়, আলাপচারিতায় যে-ধরনের ‘স্ল্যাং’ ব্যবহার করা হয় তার মধ্যে নারীশরীরকে ভোগ্য বস্তু হিসেবে দেখার প্রবণতা ধরা পড়ে, একধরনের পুরুষালি যৌন আকাঙ্ক্ষা প্রকাশ পায়। এই প্রেক্ষিতগুলি খেয়াল করলে শরীর ও লিঙ্গরাজনীতির মধ্যে ওতপ্রোত যোগাযোগ নজরে আসবে।

#### সম্ভাব্য বিষয়

- সাহিত্য ও অন্যান্য শিল্পমাধ্যমে শরীরের উপস্থাপন ও লিঙ্গরাজনীতি
- উপস্থাপনা নির্ভর ক্ষেত্রগুলিকে শরীর সংক্রান্ত ধারণার প্রকাশ
- শরীর-সংস্থান তত্ত্ব ও শারীরবিদ্যার দৃষ্টিভঙ্গিতে শরীর ও সামাজিক লিঙ্গরূপের আন্তঃসম্পর্ক
- নন-বাইনারি, কুইয়ার ভাবনায় শরীর
- সমাজবিদ্যার দৃষ্টিভঙ্গিতে শরীর ও সামাজিক লিঙ্গরূপ
- সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসে শরীর সংক্রান্ত ভাবনা
- দর্শনের দৃষ্টিভঙ্গিতে শরীর ও সামাজিক লিঙ্গরূপ

উপরোক্ত বিষয়গুলি ছাড়াও শরীর ও সামাজিক লিঙ্গরূপ সংক্রান্ত যে-কোনো বিষয়ে গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে।

#### লেখা পাঠাবার নিয়মাবলি

- অপ্রকাশিত, মৌলিক গবেষণামূলক বাংলা প্রবন্ধ পাঠাতে হবে। প্রবন্ধের অংশবিশেষ পূর্বপ্রকাশিত হলে সে লেখা গৃহীত হবে না।
- শব্দসংখ্যা অনধিক ৩৫০০।
- লেখার শিরোনাম, সংক্ষিপ্ত লেখক পরিচিতি (ইমেল আইডি ও ফোন নাম্বার সহ), লেখার সংক্ষিপ্তসার (অনধিক ৩০০ শব্দ), সূচক শব্দ (অন্তত ৫টি) অবশ্যই দিতে হবে।
- লেখায় উল্লেখপঞ্জি সংযুক্ত করতে হবে।
- লেখার শেষে নির্বাচিত গ্রন্থপঞ্জি (বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা) বর্ণানুক্রমে সাজিয়ে দিতে হবে।
- অত্র ইউনিকোডে কালপুরুষ ফন্ট ব্যবহার করে লিখতে। মূল লেখার ফন্ট সাইজ ১২, শিরোনামের ফন্ট সাইজ ১৪ এবং অন্ত্যটীকার ফন্ট সাইজ হবে ১০। লাইন স্পেস ১.৫ থাকবে। শিরোনাম ছাড়া অন্য কোথাও বোল্ড বা মোটা হরফ ব্যবহার না করাই বাঞ্ছনীয়। লেখাটির ওয়ার্ড ও পিডিএফ দুটো ফাইল পাঠাতে হবে।
- লেখা পাঠাতে হবে [cg.s.swar@sxccal.edu](mailto:cg.s.swar@sxccal.edu) ইমেল আইডিতে।
- লেখা পাঠানোর সময়সীমা ৫ নভেম্বর, ২০২৪। লেখা মনোনীত হলে ই-মেল মারফত জানিয়ে দেওয়া হবে।



A Peer Reviewed Bangla Journal  
Centre for Gender studies  
St. Xavier's College (Autonomous), Kolkata  
E Mail: [cgs.swar@sxccal.edu](mailto:cgs.swar@sxccal.edu)  
Phone: 7384343432 / 8017067174



উল্লেখপঞ্জি নির্দেশের নিয়মাবলি—

বই

- Alan Cruttenden, *Language in Infancy & Childhood* (Manchester: Manchester University University Press, 1979), 88.

সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- P K. Kuhl, 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech', *Plasticity of Development*. S. Brauth, W. Hall & R. Dooling (Ed.), (Cambridge: Bradford Books, 1991), 16.

পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production', *Journal of Child language* (No. 6, 1979): 50.
- অপ্রকাশিত গবেষণার ক্ষেত্রে গবেষকের নাম, গবেষণার শিরোনাম, বিশ্ববিদ্যালয়ের নাম ও গবেষণা সাল উল্লেখ করতে হবে।
- বৈদ্যুতিন তথ্যসূত্রের ক্ষেত্রে 'url id' ও 'accessed on' উল্লেখ করতে হবে।

গ্রন্থপঞ্জি:

বই

- Cruttenden, Alan. *Language in Infancy & Childhood*. First Edition. Manchester. Manchester University Press. 1979.

সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- Kuhl, P K. 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech'. In Brauth, S. & W., hall & R., dooling (Ed.). *Plasticity of Development*. Cambridge. Bradford Books. 1991.

পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production'. *Journal of Child Language*, No. 6, 1979.

যোগাযোগ: 7384343432/8017067174

---